

17th India-Vietnam Joint Commission Meeting

August 25, 2020

ভারত-ভিয়েতনাম সংযুক্ত আয়োগের 17তম বৈঠক

অগাষ্ট 25,2020

অগাষ্ট 25,2020 তারিখে ভারত প্রজাতন্ত্রের (বিদেশমন্ত্রক) বিদেশ মন্ত্রী ড.এস. জয়শংকর এবং সমাজবাদী ভিয়েতনাম প্রজাতন্ত্রের উপ প্রধানমন্ত্রী এবং বিদেশ মন্ত্রী মহামান্য ফাম বিন মিন-এর যুগ্ম সভাপতিত্বে বাণিজ্য, অর্থনীতি, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত সহযোগিতার উপরে ভারত-ভিয়েতনাম সংযুক্ত আয়োগের 17তম বৈঠক, ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে।

2. বৈঠক চলাকালীন উভয়পক্ষ ভারত-ভিয়েতনামের মধ্যে ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের সাম্প্রতিক বিকাশের পর্যালোচনা করেছেন এবং তাদের সুদূরব্যাপী সম্বন্ধের ভবিষ্যত গতিপ্রকৃতি নিয়ে আলোচনা করেছেন। তারা দুই দেশের মধ্যে অর্থনৈতিক এবং সামরিক সম্বন্ধে নতুন গতি সংযোগ করতে এবং অসামরিক পরমাণু শক্তি, মহাকাশ, সমুদ্র বিজ্ঞান এবং নতুন প্রযুক্তির মত উদ্বৃত্ত ঘনিষ্ঠ সহযোগিতার ক্ষেত্রগুলিকে আবিষ্কার করার বিষয়ে সহমত প্রকাশ করেছেন।

3. অধ্যক্ষদ্বয়, বিশেষত COVID-19 অতিমারির প্রাদুর্ভাব প্রসঙ্গে পরস্পরের স্বার্থরক্ষাকারি আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়ে নিজেদের দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন। ভারতের আর্থিক পুনরুত্থানে আত্মনির্ভরতা এবং মানব কেন্দ্রিক বিশ্বায়নের মাধ্যমে স্থিতিস্থাপকতা বৃদ্ধির জন্য প্রধানমন্ত্রীর আত্মনির্ভর ভারত-এর দৃষ্টিভঙ্গির উপরে বিদেশমন্ত্রী রেখাপাত করেছেন। ভারতের নতুন অর্থনৈতিক ক্ষমতা এবং চাহিদার সুবিধা গ্রহণের জন্য তিনি ভিয়েতনামকে আমন্ত্রণ জানিয়েছেন।

4. বিদেশমন্ত্রী, ভিয়েতনামের মেকং মোহনা অঞ্চলে জলসম্পদ পরিচালন, এসডিজিস, ডিজিটাল সংযোগ এবং ঐতিহ্য সংরক্ষণ প্রকল্প সহ দ্রুত প্রভাব প্রকল্প (কিউআইপি), আইটিইসি এবং ই-আইটিইসি উদ্যোগ, পিএইচডি ফেলোশিপ এর মত উদ্যোগগুলির মাধ্যমে ভিয়েতনামকে ভারতের বিকাশ এবং ক্ষমতা অর্জনের সহযোগিতা প্রদানের অঙ্গীকারকে পুনরায় সুনিশ্চিত করেছেন। ভারত সরকার দ্বারা ভিয়েতনামে 12টি কিউআইপি বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে, এরমধ্যে ভিয়েতনামের মেকং মোহনা অঞ্চলে জলসম্পদ পরিচালনার জন্য 7টি কিউআইপি এবং 5টি কিউআইপি রয়েছে ভিয়েতনামে শিক্ষাগত পরিকাঠামো নির্মাণের জন্য।

5. “সুশমা স্বরাজ ইনস্টিটিউট অব ফরেন সার্ভিস (এসএসআইএফএস), নিউ দিল্লি এবং ডিপ্লোম্যাটিক আকাদেমি অব ভিয়েতনামের মধ্যে পারস্পরিক সহযোগিতা”-র মৌ (MoU) এবং “ন্যাশনাল মেরিটাইম ফাউন্ডেশন, নিউ দিল্লি ও সায়েন্টিফিক রিসার্চ ইনস্টিটিউট অব সী অ্যান্ড আইল্যান্ড, হ্যানয়-এর মধ্যে মৌ (MoU)” এই দুটিও যৌথ আয়োগ বৈঠকে স্বাক্ষরিত হয়েছে।

6. বিশ্বব্যাপী এবং আঞ্চলিক অনেক বিষয়ে তাদের দৃষ্টিভঙ্গির এককেন্দ্রিকতার উপরে ভিত্তি করে উভয়পক্ষ, রাষ্ট্রপুঞ্জ নিরাপত্তা পরিষদ, যেখানে ভারত এবং ভিয়েতনাম উভয়েই 2021 সালে যৌথভাবে অস্থায়ী সদস্যরূপে নির্বাচিত হয়েছে, সেইসহ বহুপাক্ষিক ফোরামে ঘনিষ্ঠ সমন্বয় সাধনের ক্ষেত্রে সহমত হয়েছেন। তারা আসিয়ান পরিকাঠামোর মধ্যে গুরুত্বপূর্ণ আঞ্চলিক ফোরামে সহযোগিতা এবং সমন্বয়কে বৃদ্ধি করার জন্যও সহমত ব্যক্ত করেছেন। বিদেশমন্ত্রী এই বছর আসিয়ান-এ

ভিয়েতনামের সভাপতিত্বকে সম্পূর্ণ সমর্থন করেছেন এবং এমন এক বছর যখন সমগ্র বিশ্ব COVID-19 অতিমারির মত বিপর্যয়ের সম্মুখীন হয়েছে সেইরকম সময়ে আসিয়ানে ভিয়েতনামের ইতিবাচক নেতৃত্বের প্রশংসা করেছেন।

7. ভারত এবং ভিয়েতনাম, এই অঞ্চলের সকলের জন্য, বন্ডিত সুরক্ষা, সমৃদ্ধি এবং বৃদ্ধি অর্জন করার ক্ষেত্রে ভারতের ইন্দো-পেসিফিক মহাসাগরীয় উদ্যোগ (আইপিওআই) এবং ইন্দো-পেসিফিকের উপরে আসিয়ানের দৃষ্টিভঙ্গির পথে নিজেদের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতাকে বৃদ্ধি করার জন্যও সহমত হয়েছে। আইপিওআই-এর সাতটি স্তরের মধ্যে একটি হিসেবে সহযোগিতা করার জন্য ভারত ভিয়েতনামকে আমন্ত্রণ জানিয়েছে।

নিউ দিল্লি

অগস্ট 25, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

